

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًافًات

আয়াতঃ ৩৭: ৭৫

💵 আরবি মূল আয়াত:

وَ لَقَد نَادُسنَا نُوحٌ فَلَنِعمَ المُجِيبُونَ ﴿٧٥﴾

🗚 অনুবাদসমূহ:

আর নিশ্চয় নূহ আমাকে ডেকেছিল, আর আমি কতইনা উত্তম সাড়াদানকারী! — আল-বায়ান (ইতোপূর্বে) নূহ আমাকে ডেকেছিল, অতঃপর (দেখ) আমি কতই না উত্তম সাড়াদাতা ছিলাম! — তাইসিরুল নূহ আমাকে আহবান করেছিল, আর আমি কত উত্তম সাড়া দানকারী। — মুজিবুর রহমান

And Noah had certainly called Us, and [We are] the best of responders. - Sahih International

৭৫. আর অবশ্যই নৃহ আমাদেরকে ডেকেছিলেন, অতঃপর (দেখুন) আমরা কত উত্তম সাড়াদানকারী।

তাফসীরে জাকারিয়া

(৭৫) নৃহ আমাকে আহবান করেছিল এবং আমি কত উত্তমরূপে সাড়া দিয়েছিলাম। [1]

[1] অর্থাৎ, সাড়ে নয়শা বছর তাবলীগ করার পরেও যখন কওমের অধিকাংশ লোকেরাই তাঁকে মিথ্যাজ্ঞান করল এবং তিনি অনুভব করলেন যে, এদের ঈমান আনার কোন আশা নেই, তখন নিজ প্রভুর নিকট দু'আ করে বললেন, (فَدَعَا رَبَّهُ ٱنِّيْ مَغْلُوْبٌ فَانْتَصِرٌ) "হে আল্লাহ আমি অসহায়, তুমি আমার প্রতিশোধ নাও। (সূরা কামার ১০ আয়াত) সুতরাং আল্লাহ নূহ (আঃ)-এর দু'আ কবুল করলেন এবং তাঁর কওমকে তুফান দিয়ে ধ্বংস করে দিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3863

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন